*Total number of pages – 8*

CODE : 34T ADBE

# 2024

# ADVANCE BENGALI

Full Marks : 100

Pass Marks : 30

Time : Three hours

*The figures in the margin indicate full marks for the questions.*

| | |
|---|---|
| *Q. No. 1 carries 1 mark each* ............................ | 1× 12 = 12 |
| *Q. No. 2 carries 2 marks each* ............................ | 2 × 12 = 24 |
| *Q. No. 3 carries 4 marks each* ............................ | 4 × 10 = 40 |
| *Q. No. 4 carries 6 marks each* ............................ | 6 × 4 = 24 |
| | Total = 100 |

*Contd.*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ *(যে-কোনো বারোটি)* ১×১২=১২

(ক) "কে না বাঁশী বাএ বড়ায়ি সে না কোন জনা।
দাসী হঁআ তার পাত্র নিশিবোঁ আপনা॥"
— নিশিবোঁ শব্দের অর্থ কী ?

(খ) "বর্তমানের কবি আমি ভাই ভবিষ্যতের নই নবী"
— কবি কে ?

(গ) "সতত তোমার কথা ভাবি এ বিরলে"
— কবি কার কথা ভাবেন ?

(ঘ) জীবনানন্দ দাশ কত সালে সাহিত্য একাদেমি পুরস্কার পেয়েছিলেন ?

(ঙ) "অসম্ভব কার্যে দেখি দ্বিজের প্রয়াস।"
— দ্বিজ শব্দের অর্থ কী ?

(চ) মনুষ্য জীবন কিসের অত্যাচারে পরিপূর্ণ ?

(ছ) প্রমথ চৌধুরীর ছদ্মনাম কী ?

(জ) "সকল ঘাস ধান হয় না।"
— কার উক্তি ?

(ঝ) হারু ঘোষের মেজ-ছেলের নাম কী ?

(ঞ) "সমাজের এই অত্যাচার নিবারণ জন্য কোন কোন পূর্ব্ব পণ্ডিত ধৃতাস্ত্র হইয়াছেন,"
— ধৃতাস্ত্র শব্দের অর্থ কী ?

(ট) কেষ্টর মেজদিদির নাম কী ?

(ঠ) "আগমনের হেতু শুনিয়া একেবারে অগ্নিমূর্তি হইয়া উঠিল।"
— কার কথা বলা হয়েছে ?

(ড) "আড়াল হইতে জবাব আসিল, আমি।"
— আমি কে ?



(ঢ) ছন্দ কয় প্রকার ও কী কী ?

(ণ) সংজ্ঞা লিখ — ছেদ অথবা যতি।

২। *যে-কোনো বারোটি* প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ২×১২=২৪

(ক) "মোর মন পোড়ে জেহ্ন কুম্ভারের পণী"
— কুম্ভারের পণী বলতে কী বোঝায় ?

(খ) "ফুরিয়ে এলো খাবার পুঁজি ছিন্ন আমার বস্ত্র গো,
মৃত্যু বুঝি মুচকে হাসে– না হয় মরণ তাই হবে।"
— কবি কে ? মৃত্যু মুচকে হাসে কেন ?

(গ) "ভুলেছে ভীষণ ভার; ভুলে গেছে প্রত্যহের ভার"
— উদ্ধৃতিটি কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে ? কবি কে ?

(ঘ) "দুইটি মাত্র মূল সূত্রে সমস্ত মনুষ্যের নীতিশাস্ত্র কথিত হতে পারে"
— সূত্র দুটি কী কী ?

(ঙ) "এমন কোন নিয়ম থাকা উচিত নয়।"
— কোন্ কোন্ নিয়মের কথা বলা হয়েছে ?

(চ) "সম্পদের উদারতা অনাবশ্যকেই আপনাকে সপ্রমাণ করে।"
— দুটি উদাহরণ দিয়ে বক্তব্যটি ব্যাখ্যা করো।

(ছ) 'দিবা দ্বিপ্রহরে' গল্পটি কার লেখা ? বাংলা সাহিত্যে তার আরেকটি নাম আছে সেটি কী ?

(জ) "অথচ এ কথা অস্বীকার করার জো নেই"
— কোন্ কথা ?

(ঝ) "বিপিন সজল চক্ষু হাত দিয়া মুছিয়া বলিলেন, তুমি যা চাও তাই হবে, তুমি ভাল হয়ে ওঠো।"
— উক্তিটি কোথা থেকে নেওয়া হয়েছে ? 'তুমি' বলতে কার কথা বলা হয়েছে ?

(ঞ) "বড় কুটুম যে গো। তাঁকে তার মত রাখতে হবে ত!" — বড় কুটুম কে ? উক্তিটি কার ?

(ট) "অসম্মান কেউ করে না, অসম্মান তুমি করাও।"
— কে, কাকে এ কথা বলেছে ?

(ঠ) "পরাজয় তোমার হয়নি দাদা, আমারই পরাজয় হয়েছে।"
— কে কার প্রতি এই উক্তি করেছেন ?

(ড) মুকুট নাটকে ত্রিপুরার রাজার সঙ্গে কোন্ রাজার যুদ্ধের কাহিনি আছে ? এই যুদ্ধে ত্রিপুরার সেনাপতি কে ছিলেন ?

(ঢ) "খেলার পরীক্ষা তো চুকেছে এবার কাজের পরীক্ষা হোক।"
— কে কোন্ প্রসঙ্গে এ কথা বলেছে ?

(ণ) *যে-কোনো দুইপ্রকার* অনুপ্রাস অলংকারের নাম লেখো।

৩। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও ঃ ৪×১০=৪০

(ক) "অনুপম তনু শ্যাম নীলোৎপল আভা।
মুখরুচি কত শুচি করিয়াছে শোভা।।"
— উদ্ধৃতিটি কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে ? কার সম্পর্কে এ কথা বলা হয়েছে ? কবি কোন প্রসঙ্গে এ কথা বলেছেন ?

*অথবা*

'বংশীনাদে' কবিতা অবলম্বনে কৃষ্ণের বংশীনাদ শুনে রাধার অন্তরে যে আকুলতা দেখা দেয় তার সংক্ষেপ পরিচয় দাও।

(খ) "যতদিন যাবে,
প্রজারূপে রাজরূপ সাগরের দিতে
বারিরূপ কর তুমি; এ মিনতি গাবে
বঙ্গজ জনের কানে, সখে, সখারীতে
নাম তার....।"
— কবি কে ? পংক্তিগুলোর অন্তর্নিহিত ভাব স্পষ্ট করো।



*অথবা*

'যে-বাণী বিহঙ্গে আমি আনন্দে করেছি অভ্যর্থনা
ছন্দের সুন্দর নীড়ে বার-বার, কখনো ব্যর্থ না
হোক তার বেগচ্যুত পঞ্চমুক্ত বায়ুর কম্পন
জীবনের জটিল গ্রন্থিল বৃক্ষে ;"
— রচয়িতা কে ? বাণী ও জীবনকে এখানে কাদের সঙ্গে অভেদ কল্পনা করেছেন ? পঞ্চমুক্ত বায়ু কী ?

(গ) শ্যামল ধরার কোমল বাহু লাগছে না আর মোর ভালো,
মেরুর পানে ভাসবো এবার মরণ-শাদা পাল ভরে।
— সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

*অথবা*

"ক্ষুধাতুর শিশু চায় না স্বরাজ, চায় দুটা ভাত একটু নুন"
— কবির নাম উল্লেখ করে উক্তিটি ব্যাখ্যা করো।

(ঘ) "এ অত্যাচারে প্রবৃত্ত অত্যাচারী অনেক"
— এখানে কোন্ অত্যাচারের কথা বলা হয়েছে ? অত্যাচারীদের একটি তালিকা দাও।

*অথবা*

"আমাদের রক্ষা এই যে ইহাঁদের সংখ্যা অল্প"
— এখানে কাদের কথা বলা হয়েছে ? উক্তিটির তাৎপর্য পরিস্ফুট করো।

(ঙ) "শিক্ষা ও সাহিত্যের ধর্ম কর্ম যে এক নয়"
— লেখক শিক্ষা ও সাহিত্যের উদ্দেশ্য নিয়ে যে বক্তব্য রেখেছেন তা নিজের ভাষায় বর্ণনা করো।

*অথবা*

"এই পৃথিবীতে একমাত্র খেলার ময়দানে ব্রাহ্মণ শূদ্রের প্রভেদ নেই।"
— রচনাটির নাম উল্লেখ করে অতি সংক্ষেপে লেখকের এহেন উক্তির কারণ নির্দেশ করো।

(চ) "একটু দূরে একটি বৃক্ষতলে বসিয়া জনৈক ব্যক্তি খানিকটা ছাতু খাইতেছিল।"
— জনৈক ব্যক্তিটি কে ? পাঠটির নাম উল্লেখ করে ব্যক্তির চেহারার বর্ণনা দাও।

*অথবা*

"একেই তো আমরা খুঁজছি।"

— বক্তা কে ? কাকে খুঁজছিলেন এবং কেন ? খোঁজ পেয়েও তাকে ধরতে পারেননি কেন ?

(ছ) "তার সঙ্গে আমার তীর বদল করতে হবে, ভাগ্যও বদল হবে।"

—কার উক্তি ? তীর বদল করতে কাকে বলা হয়েছে ? কীভাবে ভাগ্য বদলে দেবার পরিকল্পনা করা হয়েছিল ?

*অথবা*

"সবই যেন বুঝলুম কিন্তু আমার প্রাণটি ? সেটি গেলে তো কারো সঙ্গে বদল চলবে না।"

— এখানে বক্তা কে ? প্রসঙ্গ নির্দেশ করো।

(জ) "শিলা কখনও জলে ভাসে না বানরে কখনও সংগীত গায় না।"

— উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

*অথবা*

"বিচার! তুমি বিচার চাও! তাহলে যে মুখে চুনকালি পড়বে। বংশের লজ্জা প্রকাশ করব না।

— অন্তর্যামী তোমার বিচার করবেন।"

— কে কাকে একথা বলেছেন ? বংশের লজ্জা বলতে কী বুঝানো হয়েছে আলোচনা করো।

(ঝ) "মনে পড়িল এ মেজবৌ সে নয়, যাহাকে চোখ রাঙাইয়া টলান যায়।"

— একথা কার মনে পড়েছিল ? প্রসঙ্গটি উল্লেখ করে ঘটনাটির বিবরণ দাও।

*অথবা*

"বড় জা বলিলেন, আমরা খেতে দিইনে, শুধু খাটিয়ে নিই — আর তুমি ওকে খেতে দিয়ে বাঁচিয়ে রেখেচ ?"

— বড় জা কে ? তিনি কাকে খাটিয়ে নেবার কথা বলেছেন এবং কোন্ প্রসঙ্গে, উল্লেখ করো।

(ঞ) "তোমার মত নিষ্ঠুর, তোমার মত বেহায়া মেয়েমানুষ আর সংসারে নেই।"

— কে কাকে এই মন্তব্য করেছেন ? প্রসঙ্গটির বিস্তারিত আলোচনা করো।

*অথবা*

"উদ্যত প্রহরণের সম্মুখে রজ্জুবদ্ধ জানোয়ারের প্রাণটা যেমন করিয়া উঠে, কেষ্টর বুকের ভিতরটায় তেমনিধারা করিতে লাগিল।"

— কেন 'কেষ্টর বুকের ভিতরটা তেমনিধারা' করছিল বিশ্লেষণ করো।



৪। 'ক' এবং 'খ' বিভাগ থেকে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখো ঃ ৬×৪=২৪

'ক' বিভাগ

(ক) "এমন নিষ্ঠুর আঘাত এতবড় নির্লজ্জ অপমান মানুষ মানুষকে যে করিতে পারে ইহা যেন তাহার মাথায় প্রবেশ করিল না।"

— কে, কাকে, কীভাবে আঘাত করেছিল ? অতি সংক্ষেপে আঘাতকারীর চরিত্র বিশ্লেষণ করো।

*অথবা*

"আঘাত যতই গুরুতর হউক, প্রতিহত হইতে না পাইলে লাগে না।"

— শরৎচন্দ্রের মেজদিদি উপন্যাস অবলম্বনে উক্তিটির প্রাসঙ্গিক তাৎপর্য বিশ্লেষণ করো।

(খ) 'মুকুট' নাটকের রাজধর চরিত্রটি আলোচনা করো।

*অথবা*

'মুকুট' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

'খ' বিভাগ

(ক) স্বরবৃত্ত বা শ্বাসাঘাত প্রধান ছন্দ কাকে বলে ? এই ছন্দের *চারটি* বৈশিষ্ট্য উল্লেখ করো।

*অথবা*

ছন্দোলিপি প্রস্তুত করো ঃ

সহসা বাতাস ফেলি গেল শ্বাস শাখা দুলাইয়া গাছে
দুটি পাকা ফল লভিল ভূতল আমার কোলের কাছে।

*অথবা*

বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদেয় এলো বান
শিব ঠাকুরের বিয়ে হলো তিন কন্যা দান॥

(খ) *যে-কোনো দুটি* অলংকারের সংজ্ঞা ও একটি করে উদাহরণ দাও ঃ

যমক ; সমাসোক্তি ; বিরোধাভাস ; উপমা ; অপহ্নুতি।

———×———